DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) • তৈরি: 15 Aug 2026, 10:57 PM

সারাদেশ

# মিরপুর প্রেসক্লাবে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় করলেন এমপি আব্দুল গফুর

প্রতিবেদক: কুষ্টিয়া প্রতিনিধি
প্রকাশের তারিখ: শনিবার, ০১ আগস্ট ২০২৬, ০৮:০২ PM




কুষ্টিয়ার মিরপুর প্রেসক্লাবে স্থানীয় সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় করেছেন কুষ্টিয়া-২ (মিরপুর-ভেড়ামারা) আসনের সংসদ সদস্য মো. আব্দুল গফুর।

শনিবার দুপুরে মিরপুর প্রেসক্লাব কার্যালয়ে অনুষ্ঠিত এ মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন প্রেসক্লাবের সভাপতি মারফত আফ্রিদী। সভা পরিচালনা করেন সাধারণ সম্পাদক রাশেদুজ্জামান রিমন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কুষ্টিয়া জেলা জামায়াতের ইউনিট সদস্য অধ্যাপক জুমারত আলী, মিরপুর উপজেলা জামায়াতের আমীর খন্দকার রেজাউল করিম, সেক্রেটারি মাওলানা শেখ মহিউদ্দীন আহমেদ, নায়েবে আমীর অধ্যাপক শাহ আক্তার মামুনসহ প্রেসক্লাবের নেতৃবৃন্দ।

মতবিনিময় সভায় সাংবাদিকরা মিরপুর উপজেলার বিভিন্ন সমস্যা, উন্নয়ন সম্ভাবনা এবং জনসেবাসংক্রান্ত নানা বিষয় তুলে ধরেন। এ সময় সংসদ সদস্য মো. আব্দুল গফুর সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন এবং এলাকার উন্নয়নে গণমাধ্যমের গঠনমূলক ভূমিকার গুরুত্বের

ওপর গুরুত্বারোপ করেন।

সভায় স্থানীয় বিভিন্ন ইস্যুতে সাংবাদিক ও জনপ্রতিনিধিদের মধ্যে খোলামেলা আলোচনা অনুষ্ঠিত হয়।

---

## এ বিভাগের আরও খবর



**চাঁদার ৫০ হাজার টাকা না দেওয়ায় ব্যবসায়ীকে হাতুড়িপেটার অভিযোগ**
নওগাঁর মান্দায় ৫০ হাজার টাকা চাঁদা না দেওয়ায় এক ব্যবসায়ীকে হাতুড়ি ও লোহার রড দিয়ে মারধরের অভিযোগ উঠেছে। বৃহস্পতিবার (১৩ আগস্ট) বেলা ১১টার দি...




**মসজিদের ভেতরে মুসল্লিকে হাঁসুয়া দিয়ে কুপিয়ে জখম**
নওগাঁর মান্দায় মসজিদের ভেতরে ঢুকে মামুনুর রশিদ মামুন (৩৮) নামের এক মুসল্লিকে হাঁসুয়া দিয়ে কুপিয়ে জখম করার অভিযোগ উঠেছে। শনিবার (১৫ আগস্ট) ভো...




**শোক দিবসে খিচুড়ি রান্নার সময় ইউপি চেয়ারম্যানসহ ২ জন গ্রেপ্তার**
কুষ্টিয়ার ভেড়ামারায় শোক দিবস উপলক্ষে খিচুড়ি রান্নার সময় ইউনিয়ন পরিষদের (ইউপি) চেয়ারম্যানসহ দুই ভাইকে গ্রেপ্তার করেছেন পুলিশ। শনিবার (১৫...



**ক্যাশলেস সোসাইটি বিনির্মাণে ব্রাহ্মণবাড়িয়ায় রূপালী ব্যাংকের রোড শো**

ক্যাশলেস সোসাইটি বিনির্মাণে জনসচেতনতা তৈরির লক্ষ্যে ব্রাহ্মণবাড়িয়ায় রূপালী ব্যাংকের উদ্যোগে সচেতনতামূলক রোড শো অনুষ্ঠিত হয়েছে।শনিবার (১৫ আগস...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/saradesh/mirpur-presklabe-sangbadikder-sngge-mtbinimy-krlen-empi-abdul-gfur